চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

৯ মার্চ ২০১৭ খ্রি.

সরাইপাড়া সিটি কর্পোরেশন উচ্চ বিদ্যালয়ে
বার্ষিক পুরষ্কার বিতরণ অনুষ্ঠানে মাননীয় মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, বঙ্গবন্ধু 'র সোনার বাংলা, প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা' র ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে শিক্ষার্থীদের আলোকিত মানুষ হিসেবে গড়ে উঠতে হবে। মেয়র শিক্ষার্থীদের বলেন, সৎ, চরিত্রবান সু-নাগরিক হয়ে আগামী দিনে দেশ ও জাতির নেতৃত্ব দিয়ে দেশকে সমৃদ্ধির পানে পৌঁছে দিতে হবে। ৮ মার্চ ২০১৭ খ্রি. বুধবার দুপুরে চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত সরাইপাড়া সিটি কর্পোরেশন উচ্চ বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরষ্কার বিতরনী অনুষ্ঠানে প্রধান অতিথি' র ভাষনে তিনি এসব কথা বলেন। মেয়র বলেন মা-বাবার প্রতি কর্তব্য পালন, তাদের ও শিক্ষকদের আদেশ নিষেধ যথাযথভাবে মেনে মানবিক মূল্যবোধ সম্পন্ন একজন হয়ে দেশকে স্বনির্ভর করার দায়িত্ব কাঁধে নিতে হবে। মাননীয় মেয়র বলেন, অবকাঠামো উন্নয়ন, লাইব্রেরী, বিজ্ঞানাগার, শহীদ মিনার, শৌচাগার, আসবাবপত্র সহ শিক্ষার উপযুক্ত পরিবেশ সুরক্ষা করার দায়িত্ব চট্টগ্রাম সিটি কর্পোরেশন পালন করবে। তবে শিক্ষার্থীদের গুন ও মান সম্মত শতভাগ ফলাফল দিতে হবে। অবহেলায় সময় অপচয় করা যাবে না। প্রসঙ্গক্রমে মেয়র বলেন, আমি নগরবাসীর নিকট আমার ভিশন জানিয়ে দিয়েছি। চট্টগ্রামকে বিশ্বমানের নগরীতে উন্নীত করতে ক্লিন ও গ্রিন সিটির পরিকল্পনা গ্রহন করে বাস্তবায়নে সচেষ্ট আছি। এ প্রসঙ্গে তিনি বলেন, বর্জ্য ব্যবস্থাপনায় আমুল পরিবর্তন আনা হয়েছে। রাতে বর্জ্য অপসারন করা হচ্ছে। সিটি মেয়র বলেন, জলাবদ্ধতা সহনীয় পর্য্যায়ে উন্নিত করতে খাল-নালা নর্দমার ধারন ক্ষমতা বাড়ানো হচ্ছে। তিনি তাঁর ভিশন বাস্তবায়ন এবং নাগরিক প্রত্যাশা পুরনে নগরবাসীর সার্বিক সহযোগিতা

প্রত্যাশা করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ১২ নং ওয়ার্ড কাউন্সিলর সাবের আহমদ সওদাগর। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সরাইপাড়া সিটি কর্পোরেশন উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক এ কে এম মোহাম্মদ উল্লাহ। আলোচনা করেন প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন, গভর্নিং বডির সদস্য আলহাজ্ব মো. নুরুল আমিন, মো. আবদুল হালিম খান, দিদারুর রহমান সুমন, ডা. নুরুল ইসলাম, মিসেস নুসরাত জাহান, সরাইপাড়া সিটি কর্পোরেশন কলেজের অধ্যক্ষ মিসেস রওশন আখতার। পরে মেয়র বিজয়ীদের হাতে পুরষ্কার তুলে দেন। অনুষ্ঠানে চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সদস্য বেলাল আহমদ, ফিরিঙ্গী বাজার ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি রফিকুল হোসেন বাচ্চু সহ অন্যরা উপস্থিত ছিলেন।

৯ মার্চ ২০১৭ খ্রি.

মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের নাট্যকলা বিভাগের বি এ অনার্স পড়ুয়া ছাত্র ক্যান্সার রোগী শামসুল ইসলাম মাসুদকে ১ লক্ষ টাকা অনুদান দিলেন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন তাঁর নিজ তহবিল থেকে ক্যান্সার রোগের চিকিৎসার জন্য চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের নাট্যকলা বিভাগের মেধাবী ৪র্থ বর্ষ অনার্স এর ছাত্র শামসুল ইসলাম মাসুদকে ১ লক্ষ টাকা অনুদান দিলেন। ৮ মার্চ ২০১৭ খ্রি. সন্ধ্যায় নগর ভবনে মেয়র রোগীর মাতা মাকসুদা বেগমরে হাতে অনুদানের চেক তুলে দেন। এসময় প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা মোহাম্মদ সাইফুদ্দিন, জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম, শামসুল ইসলাম মাসুদের বন্ধু রিপন পাল সহ অন্যরা উপস্থিত ছিলেন। অনুদান প্রদানকালে মেয়র বলেন, সমাজে বিত্তবানদের হাত প্রসারিত হলে অনেক কল্যান করা সম্ভব। সম্মিলিত প্রয়াসে দারিদ্র নিরসন ও সমাজ পরিবর্তনও সম্ভব।

৯ মার্চ ২০১৭ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত
৬ টি শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা কমিটির সভা অনুষ্ঠিত

৯ মার্চ ২০১৭ খ্রি.বৃহস্পতিবার, সকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কে বি আবদুচ ছত্তার মিলনায়তনে সিটি মেয়র ও শিক্ষা প্রতিষ্ঠান সমূহের পরিচালনা কমিটির সভাপতি আ জ ম নাছির উদ্দীন এর সভাপতিত্বে চসিক পরিচালিত পাঁচলাইশ সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়, পূর্ব বাকলিয়া সিটি কর্পোরেশন কিন্ডার গার্টেন, পূর্ব বাকলিয়া সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, বাগমনিরাম সিরাজা খাতুন সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়, ফতেয়াবাদ শৈলবালা সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় সহ ৬ টি শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় বিগত পরিচালনা কমিটির কার্যবিবরণী অনুমোদন এবং আলোচ্য সূচীর উপর আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়। সভায় সভাপতির বক্তব্যে মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, সমাজ বিনির্মানে নৈতিক শিক্ষার কোন বিকল্প নেই। চসিক পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে হতদরিদ্র পরিবারের ছেলে-মেয়েদের বিনা ফিতে শিক্ষার সুযোগ দেয়া হবে। শিক্ষার গুনগতমান বৃদ্ধি এবং শিক্ষকদের কর্মঘন্টা নির্ধারন করে পাঠদান প্রণয়ন করতে হবে। মেয়র পাঁচলাইশ সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়ের মাঠের পাশে পানি নিস্কাশনের নিমিত্তে ড্রেন নির্মানের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন। সভায় কাউন্সিলর সলিম উল্লাহ বাচ্চু,জহুরুল আলম জসিম, হাজী মো. হারুন উর রশিদ,প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন এবং পরিচালনা কমিটির সদস্য ও সদস্য সচিব সহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

৯ মার্চ ২০১৭ খ্রি.

নগরীর হেলদী ওয়ার্ড উত্তর কাট্টলীকে নান্দনিক রুপসী সাজে সাজানো হচ্ছে। বেইলী ব্রিজ ও বিউটি ফিকেশনের কার্যক্রমের উদ্বোধন করলেন মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এর ভিশন ক্লিন ও গ্রিন সিটি ধীরে ধীরে বাস্তবে রুপ নিচ্ছে। গ্রিন সিটির কনসেপ্টের ভিত্তি তে নান্দনিক রুপসী সাজে সাজানো হচ্ছে নগরীর হেলদী ওয়ার্ড নামে খ্যাত উত্তর কাট্টলীকে। কর্ণেল জোনস্ সড়কের প্রবেশপথে মূল ব্রিজের দুই পাশে বেইলী ব্রিজ, দৃষ্টি নন্দন বিউটিফিকেশন কার্যক্রম এর মাধ্যমে শুভ যাত্রা হলো গ্রিন সিটির। ৮ মার্চ ২০১৭ খ্রি. বুধবার রাতে ফিতা কেটে বিউটিফিকেশন কার্যক্রমের চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। ৫ লক্ষ টাকা ব্যয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নিজস্ব অর্থায়নে কর্ণেল জোনস্ সড়কের ব্রিজের দুপাশে ওয়াকওয়ে নির্মাণ করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় মেয়র বলেন, নাগরিক প্রত্যাশা অনুযায়ী ২০১৮ সনের মধ্যে চট্টগ্রামকে দৃষ্টিনন্দন নান্দনিক ও সবুজ চট্টগ্রামে পরিণত করা হবে। বিশ্ব দরবারে চট্টগ্রামকে অপরুপ সাজে উপস্থাপন করা হবে। এর ফলে চট্টগ্রামের প্রতি দেশী বিদেশী পর্যটক ও উদ্যোক্তাদের সুদৃষ্টি সন্নিবেশিত হবে। এপ্রসঙ্গে মেয়র বলেন, গুরুত্বের দিক থেকে চট্টগ্রাম অর্থনৈতিকভাবে সুবিবেচনার দাবী রাখে। দেশের আমদানি-রপ্তানি সহ আর্থিকখাতে চট্টগ্রাম মূল যোগানদাতা। চট্টগ্রাম বন্দর বিশ্ব মানের সামুদ্রিক বন্দর এ বন্দরের মাধ্যমে দেশের অর্থনীতিকে স্বাবলম্বী করার প্রচুর সুযোগ রয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা চট্টগ্রাম বন্দরকে বিশেষ করে চট্টগ্রামের সার্বিক উন্নয়নে সুনজর দেয়ায় উন্নয়নের চাকা দ্রুত গতিতে সামনের দিকে এগিয়ে যাচ্ছে। তিনি আশা করেন অর্থনৈতিক অঞ্চল ট্যানেল,রিং রোড, বে টার্মিনাল নির্মিত হলে দেশের অর্থনীতিতে চট্টগ্রাম আরো অবদান রাখতে সক্ষম হবে। তিনি সরকারের এবং সিটি কর্পোরেশনের সকল সেবাধর্মী কার্যক্রমে নগরবাসীর সহযোগিতা কামনা করেন । বেইলী ব্রিজ ও বিউটিফিকেশন কার্যক্রম উদ্বোধনী অনুষ্ঠানে প্যানেল মেয়র-৩ ও ১০ নং ওয়ার্ড কাউন্সিলর নিছার উদ্দিন আহমেদ মঞ্জু সভাপতিত্ব করেন। অনুষ্ঠানে আকবরশাহ থানা আওয়ামীলীগের

সভাপতি সাবেক চেয়ারম্যান সুলতান আহমদ চৌধুরী, সাধারন সম্পাদক কাজী আলতাফ হোসেন, প্রকৌশলী তরুন তপন দত্ত, আকবরশাহ থানা আওয়ামীলীগের সহ সভাপতি মো. লোকমান আলী, ১০ নং উত্তর কাট্টলী ও য়ার্ড আও য়ামীলীগের যুগ্ম আহবায়ক গিয়াস উদ্দিন জুয়েল, ইকবাল চৌধূরী, হাবিবুর রহমান সহ স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

৯ মার্চ ২০১৭ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায়
ভ্রাম্যমান আদালত পরিচালিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে নির্বাহী ম্যাজিস্ট্রেট সনজীদা শরমিন এর নেতৃত্বে ৯ মার্চ ২০১৭ খ্রি. বৃহষ্পতিবার, সকালে চট্টগ্রাম মহানগর এলাকায় ভ্রাম্যমান আদালত পরিচালিত হয়। অভিযানকালে খুলশী থানাধিন লালখান বাজারস্থ হাইলেভেল রোড বাই লেইনে সিটি কর্পোরেশনের রাস্তায় জনৈক মো. ইউসুফ মিয়া গং কর্তৃক অবৈধভাবে নির্মিত গেইট অপসারন করে রাস্তাটি সর্ব সাধারনের চলাচলের জন্য উম্মুক্ত করে দেওয়া হয়। একই অভিযানে চকবাজার থানাধীন লালচাঁন্দ রোডস্থ সেবক পুকুরের পানি নিষ্কাশনের পাইপ অপসারন করে জনৈক বিশ্বজিৎ মিত্রকে জলাধার সংরক্ষণ আইনে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়।
অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশি-ষ্ট বিভাগ সমূহের কর্মকর্তা/কর্মচারীগণ ও সিএমপি পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা করেন।

৯ মার্চ ২০১৭ খ্রি.

মাননীয় মেয়রের সাথে ফিরিঙ্গী বাজার ফিশারিঘাট মাছ বাজার বরফ প্যাকেজিং ব্যবসায়ী সমিতির মতবিনিময়

চট্টগ্রাম নগরীর ফিরিরঙ্গীবাজার ফিশারিঘাটস্থ মাছ বাজার বরফ প্যাকেজিং ব্যবসায়ী সমিতির নেতৃবৃন্দ ৯ মার্চ ২০১৭ খ্রি. বিকেলে নগর ভবনে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এর সাথে মতবিনিময় করেন। মতবিনিময়ে তারা তাদের ব্যবসার সুযোগ সুবিধা নিশ্চিত করার জন্য মেয়রের সহযোগিতা প্রত্যাশা করেন। মেয়র মাছ প্যাকেজিং কাজে নিয়োজিত ব্যবসায়ীদের বরফ নিয়ে ব্যবসা করার বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতার আশ্বাস দেন। মতবিনিময়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ আবুল হোসেন, ফিরিরঙ্গীবাজার ফিশারিঘাটস্থ মাছ বাজার বরফ প্যাকেজিং ব্যবসায়ী সমিতির সভাপতি রাধাবাশি দাশ, উপদেষ্টা হরিলাল দাশ, সহসভাতি মো. ওমর ফারুক, সম্পাদক রনদেব দাশ, সাংগঠনিক সম্পাদক সুমন রায়, কোষাধ্যক্ষ উত্তম দেব, সদস্য বিক্রম,কৃষ্ণ দাশ ও সুমন দাশ সহ অন্যরা উপস্থিত ছিলেন।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা